

# ফেসবুকে ছড়িয়ে পড়া এসএসসি ও সমমান পরীক্ষার রুটিনটি 'ভুয়া'

ইত্তেফাক অনলাইন ডেস্ক

প্রকাশ : ১০ ডিসেম্বর ২০২৩, ১৬:২১



ফাইল ছবি

ফেসবুকে ছড়িয়ে পড়া ২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষার রুটিনটি 'ভুয়া'। মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড সূত্রে জানা গেছে, ফেব্রুয়ারি মাসে এসএসসি ও সমমানের পরীক্ষা নেওয়ার সিদ্ধান্ত নিলেও এখনো তারিখ চূড়ান্ত করেনি শিক্ষা মন্ত্রণালয়। ছড়িয়ে পড়া রুটিনটি ভুয়া।



দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে Google News অনুসরণ করুন

UNISOTS



রোববার (১০ ডিসেম্বর) সকাল থেকে ফেসবুকসহ বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে ২০২৪ সালের এসএসসি ও সমমান পরীক্ষার একটি ভুয়া রুটিন ছড়িয়ে পড়ে। তবে শিক্ষাবোর্ডগুলোর ওয়েবসাইটে গিয়ে এ সংক্রান্ত কোনো নোটিশ পাওয়া যায়নি।

ভাইরাল হওয়া ওই ভুয়া রুটিন অনুযায়ী, আগামী ১১ ফেব্রুয়ারি শুরু হওয়া এসএসসি ও সমমান পরীক্ষা শেষ হবে ৫ মার্চ।

এ বিষয়ে আন্তর্গশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান প্রফেসর তপন কুমার সরকার গণমাধ্যমকে বলেন, এসএসসি পরীক্ষা ফেব্রুয়ারি মাসে নিয়ে আসার সিদ্ধান্ত হয়েছে। তবে তারিখ এখনো চূড়ান্ত হয়নি। সামাজিক যোগাযোগমাধ্যমে যে রুটিন ছড়িয়েছে, সেটি ফেক (ভুয়া)।